

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

নেত্রকোণা।

www.food.netrokona.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.৭২০০.০০১.০৩.০০১.২৪.১৪১৩

তারিখ: ২১/০৬/২০২৫খ্রি.

বিষয়: অটোমেটিক রাইস মিলের খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার লাইসেন্স নবায়ন সংক্রান্ত।

- সূত্র: ১) এ কার্যালয়ের ০১/০৬/২০২৫খ্রি. তারিখের ১২৩০(৮) নম্বর স্মারক।  
২) খাদ্য অধিদপ্তর, ঢাকার ২০/০৬/২০২৫খ্রি. তারিখের ২৭৩ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ০১ নম্বর স্মারকে নেত্রকোণা জেলার সকল সম্মানিত চালকল/ময়দাকল মালিক/আমদানিকারক/পাইকারী ব্যবসায়ী ও আড়তদার মালিক/ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলার এর লাইসেন্সধারীগণ-কে আগামী ২৫/০৬/২০২৫খ্রি. তারিখের পূর্বে নিজ নিজ মূল লাইসেন্সর কপি এবং ড্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে সরকার নির্ধারিত পরিমাণ টাকার (লাইসেন্স ও ভ্যাট) ২(দুই) টি চালানোর মূল কপি এ কার্যালয়ে জমা দিয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য লাইসেন্স নবায়ন করার অনুরোধ করা হয়েছিল।

সূত্রস্থ ০২ নম্বর স্মারকে এস. আর. ও ২৬৫ আইন/২০২৪ অনুযায়ী অটোমেটিক রাইস মিলের খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার লাইসেন্স নবায়নের অনুমোদনের লক্ষ্যে নবায়নযোগ্য অটোমেটিক রাইস মিলসমূহের ২০২৪-২০২৫ অর্থ বছর পর্যন্ত নবায়নকৃত মূল লাইসেন্স এর স্ক্যান কপি ও আগামী অর্থ বছরের জন্য প্রদত্ত নবায়ন ফি চালানোর স্ক্যান কপি (লাইসেন্স ও ভ্যাট) খাদ্য অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, সূত্রস্থ ০২ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক আগামী ২৪/০৬/২০২৫খ্রি. তারিখের মধ্যে অটোমেটিক রাইস মিলের খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার লাইসেন্স এর কপি এবং আগামী অর্থ বছরের জন্য প্রদত্ত নবায়ন ফি চালানোর কপি (লাইসেন্স ও ভ্যাট) এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর ব্যতয় ঘটলে এর দায়ভার সংশ্লিষ্ট মিল মালিককেই বহন করতে হবে।

স্বা.

(মোঃ মোয়েতাছেমুর রহমান)

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

ফোন: ০২৯৯৮৮২৭০৮৮

dcf.ntk@dgfood.gov.bd

মেসার্স.....

.....

....., নেত্রকোণা।

স্মারক নম্বর: ১৩.০১.৭২০০.০০১.০৩.০০১.২৪.১৪১৩১/১(৪)

তারিখ: ২১/০৬/২০২৫খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

০১। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ।

০৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ....., নেত্রকোণা। উক্ত পত্রখানা আপনার উপজেলার অটোমেটিক মিল মালিকদের কাছে আগামী ২৩/০৬/২০২৫খ্রি. তারিখের মধ্যে পৌঁছে দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। অফিস কপি।

মোঃ মোয়েতাছেমুর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

২১/৬/২৫